

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৯৫

৩/ হায়িয (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ৩/১৯. ভালভাবে সতর ঢাকার ব্যাপারে সতর্কতা

الاعتناء بحفظ العورة

## আরবী

حَدِيْثُ جَابِرَ بْنَ عَبْدِ اللهِ أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم كَانَ يَنْقُلُ مَعَهُمْ الْحِجَارَةَ لِلْكَعْبَةِ وَعَلَيْهِ إِزَارُهُ فَقَالَ لَهُ الْعَبَّاسُ عَمُّهُ يَا ابْنَ أَخِي لَوْ حَلَلْتَ إِزَارَكَ فَجَعَلْتَ عَلَى مَنْكِبَيْكِ دُونَ الْحِجَارَةِ قَالَ فَحَلَّهُ فَجَعَلَهُ عَلَى مَنْكِبَيْهِ فَسَقَطَ مَعْشِيًّا عَلَيْهِ فَمَا رُبِّيَ بَعْدَ مَنْكِبَيْكِ دُونَ الْحِجَارَةِ قَالَ فَحَلَّهُ فَجَعَلَهُ عَلَى مَنْكِبَيْهِ فَسَقَطَ مَعْشِيًّا عَلَيْهِ فَمَا رُبِّيَ بَعْدَ ذَلِكَ عُرْيَانًا صلى الله عليه وسلم

## বাংলা

১৯৫. জাবির ইবনু 'আবদুল্লাহ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেনঃ আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (নবুওয়াতের পূর্বে) কুরাইশদের সাথে কা'বার (মেরামতের) জন্যে পাথর তুলে দিচ্ছিলেন। তাঁর পরিধানে ছিল লুঙ্গি। তাঁর চাচা 'আব্বাস (রাযি.) তাঁকে বললেনঃ ভাতিজা! তুমি লুঙ্গি খুলে কাঁধে পাথরের নীচে রাখলে ভাল হ'ত। জাবির (রাযি.) বলেনঃ তিনি লুঙ্গি খুলে কাঁধে রাখলেন এবং তৎক্ষণাৎ বেহুঁশ হয়ে পড়লেন। এরপর তাঁকে আর কখনো নগ্ন অবস্থায় দেখা যায়নি।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৮ : সালাত, অধ্যায় ৮, হাঃ ৩৬৪; মুসলিম, পর্ব ৩: হায়য, অধ্যায় ১৯, হাঃ ৩৪০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন